সংবাদ

4 JUN 2003

# এমপিওভুক্তির জন্য বরাদ্দকৃত ১০ কোটি টাকা ফেরত নিয়েছে অর্থ মন্ত্রণালয়

## নতুন বাজেট পেশের আগে কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হচ্ছে না

রাশেদ মেহেদী ঃ নতুন বাজেট পেশের আগের ২০০২-২০০৩ অর্থবছরে কোন শিক্ষা প্রতিষ্ঠানকেই এমপিওভুক্ত করা হচ্ছে না। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য পাওয়া গেছে।

সূত্র জানায়, চলতি বছর এমপিওভুক্তির জন্য প্রায় ১২শ' শিক্ষা প্রতিষ্ঠান আবেদন করে। বর্তমানে আবেদনকারীদের মধ্য থেকে এমপিওভুক্তির জন্য তালিকা প্রস্তুত করা হচ্ছে। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও বাছাইয়ের মাধ্যমে এ তালিকা তৈরির কাজ চলছে।

সূত্র জানায়, তালিকা প্রণয়নের কাজ চললেও চলতি মাসে ২০০৩-০৪ অর্থবছরের বাজেট পেশের আগে কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হচ্ছে না। এর কারণ হিসেবে সূত্র জানায়, সম্প্রতি অর্থ মন্ত্রণালয় ২০০২-০৩ অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য বরাদ্দকৃত ১০ কোটি টাকা পুরোটাই ফেরত নিয়েছে। ফলে চলতি অর্থবছরে কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা যাচ্ছে না। চলতি মাসে নতুন বাজেট ঘোষণার পর এমপিওভুক্তির জন্য নতুন করে বরাদ্দ পাওয়া গেলেই এমপিওভুক্তি করা হবে। আগামী জুলাই-আগস্ট মাসে এ এমপিওভুক্তি চূড়ান্ত হবে।

উল্লেখ্য, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর প্রায় সহস্রাধিক বেসরকারি শিক্ষা

ফেরত ঃ পৃঃ ২ কঃ ৩

### ফেরত ঃ এমপিও

( ১ম পৃষ্ঠার পর )

প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়। এছাড়া ৮শ' ২১টি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল করা হয়েছে বলে সূত্র জানায়।

এ ব্যাপারে জানতে চাইলে নতুন বাজেট পেশের আগে কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত না করার বিষয়টি শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক স্বীকার করেন। তিনি এ ব্যাপারে ব্যাখ্যা দিয়ে বলেন, চলতি অর্থবছরে এমপিওভুক্ত করা হচ্ছে না– বিষয়টি এমন নয়। আমরা পর্যালোচনা করছি, পরীক্ষা-নিরীক্ষা করছি। এর মাধ্যমে এমপিওভুক্তির জন্য বিবেচিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর তালিকা তৈরি করা হবে। তিনি বলেন, জুনের আগে আর জুনের পরে এমপিওভুক্ত করার মধ্যে আসলে কোন পার্থক্য নেই। অবশ্যই এমপিওভুক্ত করা হবে।

কবে নাগাদ এ এমপিওভুক্তি দেয়া হবে জানতে চাইলে তিনি বলেন, আগামী জুলাই মাসে আমরা এমপিওভুক্ত চূড়ান্ত করার আশা রাখছি।